গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৪৬/২০১৯-২০২০
ঢাকা ১৬ জানুয়ারি বৃহস্পতিবার ২০২০, ২ মাঘ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। স্বাধীনতার সুফল তৃণমূলে পৌঁছে দিতে লেখক সাহিত্যিকদের সহায়তা কামনা রাষ্ট্রপতির
২। এসডিজি অর্জনে বাংলাদেশ সঠিক পথে রয়েছে : আবুধাবিতে ইন্টারভিউ সেশনে প্রধানমন্ত্রী
৩। মুজিববর্ষ উদ্‌যাপনের মাধ্যমে বিশ্ববাসী নতুন করে বঙ্গবন্ধুকে জানার সুযোগ পাবে : সংসদে প্রধানমন্ত্রী
৪। ঢাকার চারপাশে নদীগুলো দূষণমুক্ত রাখতে প্ল্যান্ট নির্মাণ করা হবে : সংসদে স্থানীয় সরকার মন্ত্রী
৫। দু-তিন বছরের মধ্যে কৃষিকে শতভাগ যান্ত্রিকীকরণ করা হবে :
কাতারের রাষ্ট্রদূতের সঙ্গে বৈঠকে কৃষিমন্ত্রী
৬। নয়াদিল্লিতে ভারতের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদের বৈঠক
পারস্পরিক সহযোগিতার বিষয়ে আলোচনা
৭। বাংলাদেশি জনশক্তির জন্য আরব আমিরাতের শ্রমবাজার খুলে দেয়ার আহ্বান পররাষ্ট্রমন্ত্রীর
৮। রোহিঙ্গা গণহত্যার অভিযোগে গাম্বিয়ার করা মামলার সিদ্ধান্ত ২৩ জানুয়ারি
৯। দেশের স্বাস্থ্য খাত আগামী পাঁচ বছরে স্বর্ণযুগে প্রবেশ করবে : স্বাস্থ্যমন্ত্রী
১০। আগামী বছর থেকে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলাসহ অন্যান্য মেলা পূর্বাচলে অনুষ্ঠিত হবে : বাণিজ্যমন্ত্রী
১১। আজ ডিজিটাল বাংলাদেশ মেলা উদ্বোধন করবেন সজীব ওয়াজেদ জয়
মেলায় ফাইভজি প্রযুক্তি প্রদর্শন করা হবে
১২। বাংলাদেশ ইউনিসেফের নির্বাহী বোর্ডের প্রেসিডেন্ট নির্বাচিত
১৩। সমন্বিত পরিকল্পনার মাধ্যমে এসডিজি লক্ষ্য অর্জন করা হবে : স্থানীয় সরকার মন্ত্রী

চলমান পাতা-২

১। **স্বাধীনতার সুফল তৃণমূলে পৌঁছে দিতে লেখক সাহিত্যিকদের সহায়তা কামনা রাষ্ট্রপতির**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দেশের কষ্টার্জিত স্বাধীনতার সুফল তৃণমূল পর্যায়ে পৌঁছে দিতে সহায়তা করার জন্য ঐক্যবদ্ধভাবে কাজ করতে লেখক, সাহিত্যিক ও অনুবাদকদের প্রতি আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রপতি বলেন, দেশের স্বাধীনতা আমাদের শ্রেষ্ঠ অর্জন। তাই তৃণমূলের সকল জনগণের দোরগোড়ায় স্বাধীনতার সুফল পৌঁছে দিতে লেখকদের ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। গতকাল (১৫ জানুয়ারি বুধবার) বঙ্গভবনে তাঁর সঙ্গে তরুণ লেখক, অনুবাদক ও সাহিত্যিকদের একটি প্রতিনিধিদল সৌজন্য সাক্ষাত করতে গেলে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮) **আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬)।

২। **এসডিজি অর্জনে বাংলাদেশ সঠিক পথে রয়েছে : আবুধাবিতে ইন্টারভিউ সেশনে প্রধানমন্ত্রী**

সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) অর্জনে বাংলাদেশের উল্লেখযোগ্য সাফল্যের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তাঁর সরকারের সময়োচিত পদক্ষেপের ফলে বাংলাদেশ এখন সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোলস (এসডিজি) অর্জনের পথে রয়েছে। গত ১৩ জানুয়ারি মঙ্গলবার সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) আবুধাবিতে 'ফিউচার সাসটেইনেবলিটি সামিট'-এ ইন্টারভিউ সেশনে বিভিন্ন প্রশ্নের জবাবে তিনি বলেন, এমডিজি অর্জনে আমরা চমৎকার সাফল্য অর্জন করেছি এবং এরই মধ্যে আমরা এসডিজি অর্জনের পথে রয়েছি। আবুধাবি ন্যাশনাল এক্সিবিশন সেন্টারে এ ইন্টারভিউ সেশন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠান শেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম এ ব্যাপারে সাংবাদিকদের ব্রিফ করেন। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩, ক.২)।

৩। **মুজিববর্ষ উদ্‌যাপনের মাধ্যমে বিশ্ববাসী নতুন করে বঙ্গবন্ধুকে জানার সুযোগ পাবে : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মুজিববর্ষ উদ্‌যাপনের মাধ্যমে আন্তর্জাতিক পরিমণ্ডলে বঙ্গবন্ধুর কর্মময় জীবন আরও ব্যাপক আকারে ছড়িয়ে দেওয়ার সুযোগ সৃষ্টি হবে। এর ফলে বিশ্ববাসী নতুন করে বঙ্গবন্ধুর আত্মত্যাগ ও বর্ণাঢ্য কর্মময় জীবন সম্পর্কে জানার সুযোগ পাবে। তিনি বলেন, ২০২০-২১ সালের জন্য ইউনেস্কোর গ্রহণ করা ৫৯টি বার্ষিকী উদ্‌যাপনের প্রস্তাবের মধ্যে অন্যতম হচ্ছে জাতির পিতার জন্মশতবার্ষিকী উদযাপন। বঙ্গবন্ধুর অবিচল সংগ্রাম ও ত্যাগের বিষয়সমূহ ইউনেস্কো বিশেষভাবে বিবেচনা করেছে। তিনি আরো বলেন, ইউনেস্কো জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের সিদ্ধান্ত নেওয়ায় এ আয়োজন আন্তর্জাতিক রূপ লাভ করল এবং অনন্য মাত্রায় উন্নীত হলো। গতকাল (১৫ জানুয়ারি বুধবার) সংসদে প্রশ্নোত্তরপর্বে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৪। **ঢাকার চারপাশে নদীগুলো দূষণমুক্ত রাখতে প্ল্যান্ট নির্মাণ করা হবে : সংসদে স্থানীয় সরকার মন্ত্রী**

স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম সংসদকে জানান, ঢাকার চারপাশের নদীগুলোর পানি দূষণমুক্ত রাখতে একটি মহাপরিকল্পনার আওতায় চারটি সুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ করা হবে। ঢাকা ওয়াসা ইতোমধ্যে একটি সুয়ারেজ মাস্টারপ্ল্যান প্রণয়ন করেছে। এর অংশ হিসেবে বর্তমানে 'দাশেরকান্দি সুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট' নামে একটি পয়ঃশোধনাগার নির্মাণাধীন রয়েছে, যা সমাপ্ত হলে সরাসরি পয়ঃবর্জ্য নদীতে গিয়ে যে দূষণ হয় তা অনেকাংশে বন্ধ হবে। গতকাল (১৪ জানুয়ারি বুধবার) জাতীয় সংসদে এক প্রশ্নের উত্তরে তিনি এসব তথ্য জানান। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **নিউজ টুডে** (পৃ.৩, ক.১)।

৫। **দু-তিন বছরের মধ্যে কৃষিকে শতভাগ যান্ত্রিকীকরণ করা হবে :**
**কাতারের রাষ্ট্রদূতের সঙ্গে বৈঠকে কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক বলেছেন, বাংলাদেশের স্বাস্থ্য, শিক্ষাসহ আর্থসামাজিক ক্ষেত্রে প্রভূত উন্নতি অর্জিত হয়েছে। দারিদ্র্যের হার কমেছে, শিশু ও মাতৃমৃত্যু হার কমেছে, মানুষের গড় আয়ু বেড়েছে। কৃষিক্ষেত্রে অভাবনীয় সাফল্যে খাদ্য ঘাটতির দেশটি আজ খাদ্য রফতানির মর্যাদা অর্জন করেছে। দু-তিন বছরের মধ্যে কৃষিকে শতভাগ যান্ত্রিকীকরণ ও বহুমুখীকরণ করা হবে। কৃষিপণ্য প্রক্রিয়াজাত করে রফতানি করা হবে। ঢাকায় নিযুক্ত কাতারের রাষ্ট্রদূত আহমেদ মোহাম্মদ আল ডেহাইমি বলেন, বাংলাদেশের সব উন্নয়নে সহযোগিতা করতে চায় কাতার। গতকাল (১৫ জানুয়ারি বুধবার) কৃষিমন্ত্রীর সঙ্গে তাঁর অফিস কক্ষে সাক্ষাৎকালে কাতারের রাষ্ট্রদূত এসব কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৩), **ডেইলি সান** (পৃ.১৪,ক.১)।

**৬। নয়াদিল্লিতে ভারতের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদের বৈঠক**
**পারস্পরিক সহযোগিতার বিষয়ে আলোচনা**

ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে বৈঠক করেছেন নয়াদিল্লি সফররত তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। গতকাল (১৪ জানুয়ারি বুধবার) নয়াদিল্লিতে পররাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বৈঠকে তাঁরা দুই দেশের পারস্পরিক সহযোগিতার ক্ষেত্র আরো এগিয়ে নেওয়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। গত মঙ্গলবার থেকে সারা ভারতে বাংলাদেশ বেতারের সম্প্রচার উদ্বোধন ও গত বছরের সেপ্টেম্বর থেকে বাংলাদেশ টেলিভিশনের সম্প্রচার শুরু হওয়ায় জয়শঙ্করকে ধন্যবাদ দেন তথ্যমন্ত্রী। এ সময় জয়শঙ্করও গণমাধ্যম ক্ষেত্রে সহযোগিতার এ অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। বৈঠকে দুই দেশের জনযোগাযোগ বৃদ্ধিকল্পে আখাউড়া-আগরতলা সীমান্ত পথে রেল যোগাযোগ ও সড়ক যোগাযোগের কাজ দ্রুত সম্পন্নের বিষয়ে ঐকমত্য প্রকাশ করেন দুই মন্ত্রী। আজ বৃহস্পতিবার হায়দ্রাবাদে রামুজী ফিল্ম সিটি পরিদর্শন শেষে শুক্রবার তথ্যমন্ত্রীর দেশে ফেরার কথা রয়েছে। সূত্র- **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **সমকাল** (পৃ.৫,ক.১), **সংবাদ** (পৃ.১৫,ক.৩)।

**৭। বাংলাদেশি জনশক্তির জন্য আরব আমিরাতের শ্রমবাজার খুলে দেয়ার আহ্বান পররাষ্ট্রমন্ত্রীর**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বাংলাদেশি জনশক্তির জন্য মধ্যপ্রাচ্যের তেলসমৃদ্ধ দেশ সংযুক্ত আরব আমিরাতের শ্রমবাজারের সকল খাত খুলে দিতে দেশটির প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (১৫ জানুয়ারি বুধবার) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, পররাষ্ট্রমন্ত্রী গত মঙ্গলবার আবুধাবি ন্যাশনাল এক্সিবিশন সেন্টারে ‘সাসটেনেবিলিটি উইক’ অনুষ্ঠান চলাকালে আমিরাতের পররাষ্ট্রমন্ত্রী শেখ আবদুল্লাহ বিন নাহিয়ানের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠককালে এ আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭)।

**৮। রোহিঙ্গা গণহত্যার অভিযোগে গাম্বিয়ার করা মামলার সিদ্ধান্ত ২৩ জানুয়ারি**

রোহিঙ্গা গণহত্যার অভিযোগে গাম্বিয়ার করা মামলায় মিয়ানমারের বিরুদ্ধে অন্তর্বর্তীকালীন কোনো পদক্ষেপ নেয়া হবে কিনা, জাতিসংঘের সর্বোচ্চ আদালত ইন্টারন্যাশনাল কোর্ট অভ্ জাস্টিস (আইসিজে) সে বিষয়ে সিদ্ধান্ত দেবে ২৩ জানুয়ারি। গাম্বিয়ার বিচার বিষয়ক মন্ত্রণালয় ১৩ জানুয়ারি সোমবার এক টুইট বার্তায় এ তারিখ ঘোষণা করে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**৯। দেশের স্বাস্থ্য খাত আগামী পাঁচ বছরে স্বর্ণযুগে প্রবেশ করবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, দেশের স্বাস্থ্য খাত আগামী পাঁচ বছরে স্বর্ণযুগে প্রবেশে করবে। সাড়ে ১৪ হাজার কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে যেভাবে দেশের আনাচে-কানাচে স্বাস্থ্যসেবা পৌঁছে যাচ্ছে, তেমনিভাবে পর্যাপ্তসংখ্যক চিকিৎসক, নার্স, মিডওয়াইফ নিয়োগের মাধ্যমে হাসপাতালের সেবা বহুগুণ বাড়ানো হবে। মানুষের চিকিৎসা সেবার ব্যয় কমানো হবে। দেশের স্বাস্থ্য খাত আগামী পাঁচ বছরে স্বর্ণযুগে প্রবেশ করবে। গতকাল (১৪ জানুয়ারি বুধবার) রাজধানীর তেজগাঁও কেন্দ্রীয় ঔষধাগারে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র- **যুগান্তর** (পৃ.১৪,ক.৪), **ইত্তেফাক** (পৃ.২,ক.৮)।

**১০। আগামী বছর থেকে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলাসহ অন্যান্য মেলা পূর্বাচলে অনুষ্ঠিত হবে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, তৈরিপোশাক খাতে যে সংকট চলছে তা সাময়িক। সম্মিলিতভাবে বর্তমান পরিস্থিতি মোকাবিলা করতে হবে। এজন্য সরকার প্রয়োজনীয় সব সহায়তা দেবে। গতকাল (১৫ জানুয়ারি বুধবার) রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় পোশাকশিল্প সংশ্লিষ্ট চারটি আন্তর্জাতিক প্রদর্শনীর উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, এক সময় তৈরি পোশাকশিল্পে ব্যবহারের জন্য কার্টন, প্লাস্টিকসহ প্রয়োজনীয় সবকিছু বিদেশ থেকে আমদানি করা হতো। বর্তমানে এ খাত নিজের পায়ে দাঁড়িয়েছে। দেশের বিপুল চাহিদা মিটিয়ে এখন গার্মেন্ট অ্যাকসেসরিজ বিদেশে রপ্তানি হচ্ছে। বাণিজ্যমন্ত্রী আরো জানান, আগামী বছর থেকে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলাসহ অন্যান্য মেলা পূর্বাচলে অনুষ্ঠিত হবে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.২), **বণিক বার্তা** (পৃ.২,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬)।

**১১। আজ ডিজিটাল বাংলাদেশ মেলা উদ্বোধন করবেন সজীব ওয়াজেদ জয়**
**মেলায় ফাইভজি প্রযুক্তি প্রদর্শন করা হবে**

আজ থেকে শুরু হতে যাওয়া ডিজিটাল বাংলাদেশ মেলায় ফাইভজি প্রযুক্তির প্রদর্শন করা হবে। গতকাল (১৫ জানুয়ারি বুধবার) মেলা উপলক্ষে এক সংবাদসম্মেলনে এ তথ্য জানিয়েছেন ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার। রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) আজ মেলা উদ্বোধন করবেন প্রধানমন্ত্রীর তথ্য প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। সংবাদসম্মেলনে মন্ত্রী বলেন, এ মেলাতেই দেশে প্রথমবারের মতো পঞ্চম প্রজন্মের মোবাইল ফোন প্রযুক্তি বা ফাইভজি প্রযুক্তির বিভিন্ন দিক প্রদর্শন করা হবে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৩), **সমকাল** (পৃ.১৯,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১)।

১২।　**বাংলাদেশ ইউনিসেফের নির্বাহী বোর্ডের প্রেসিডেন্ট নির্বাচিত**

জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা সর্বসম্মতিক্রমে ইউনিসেফের নির্বাহী বোর্ডের প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন। গত ১৩ জানুয়ারি মঙ্গলবার জাতিসংঘ সদরদপ্তরে ইউনিসেফের নির্বাহী বোর্ডের এ নির্বাচন হয়। নির্বাহী বোর্ডের ভাইস-প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছে জাতিসংঘে নিযুক্ত মরক্কো ও লিথুয়ানিয়ার স্থায়ী প্রতিনিধি এবং ব্রাজিল ও সুইজারল্যান্ডের উপ-স্থায়ী প্রতিনিধি। সূত্র- **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (পৃ.১, ক. ১)।

১৩।　**সমন্বিত ও সামগ্রিক পরিকল্পনায় এসডিজি লক্ষ্য অর্জন করা হবে : স্থানীয় সরকার মন্ত্রী**

সমন্বিত ও সামগ্রিক পরিকল্পনার মাধ্যমে এসডিজির লক্ষ্যসমূহ অর্জন করা হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম। গতকাল (১৫ জানুয়ারি বুধবার) রাজধানীর কাকরাইলে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতর অডিটরিয়ামে মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ আয়োজিত এসডিজি অগ্রগতি পর্যালোচনা, ২০২০ শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.১)।

## সম্পাদকীয়

ক.　**ইত্তেফাক :** বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সর্বশেষ প্রতিবেদন অনুযায়ী, দেশের ৩৩টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে ২ লাখ ৩১ হাজার ৬৯০ জন শিক্ষার্থীর মধ্যে আবাসন সুবিধা রয়েছে মাত্র ৮০ হাজার ৩১৪ শিক্ষার্থীর উল্লেখ করে উচ্চশিক্ষার মান বাড়াতে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর আবাসন সংকট নিরসনে নজর দেওয়ার সুপারিশ।

খ.　**যায়যায়দিন :** পদ্মাসেতুর ৩১৫০ মিটার দৃশ্যমান হয়েছে উল্লেখ করে কাজ যথাসময়ে শেষ করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ.　**যুগান্তর :** ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস এবং অস্ত্র ও মাদকের সঙ্গে সংশ্লিষ্টতার অভিযোগ প্রমাণিত হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ৬৭ শিক্ষার্থীকে আজীবন বহিষ্কারের যে সিদ্ধান্ত নিয়েছে তা যথার্থ উল্লেখ করে সব ধরনের অনিয়ম-নৈরাজ্য রোধে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোকে কঠোরতার পরিচয় দেওয়ার পরামর্শ।

ঘ.　**সমকাল :** কিশোরগঞ্জের হাওরাঞ্চলের চাষিরা বোরো ধানের বদলে শাক-সবজিসহ রবিশস্য চাষের দিকে ঝুঁকছেন উল্লেখ করে নতুন এ সম্ভাবনাকে স্বাগত জানিয়ে সফলতা কামনা।

ঙ.　**নিউজ টুডে :** সিলেটের জৈন্তাপুরে পাহাড় কাটা বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

চ.　**ডইলি সান :** রাজধানীর গৃহহীন লোকদের আবাসনের স্থায়ী ব্যবস্থা করতে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনা জঙ্গিবাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিয়ে সফলতা অর্জন করেছেন।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'দারিদ্র্য দূরীকরণে চাই কর্মসংস্থান ব্যবস্থা'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, দারিদ্র্য দূরীকরণের জন্য দরিদ্রদের কাজের ব্যবস্থা করতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/খোরশেদ/মাসুম/২০২০/৯.০০ঘন্টা